



জনসংযোগ কার্যালয়  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়  
সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ৭৭৯১০৪৫-৫১



## প্রেস বিজ্ঞপ্তি

### জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালিত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১৭ মার্চ ২০২০।

আজ যথাযোগ্য মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন কর্মসূচি পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে রাত আটটায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের সামনে নির্মিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন। শ্রদ্ধাঞ্জলি নিবেদনকালে উপাচার্য বলেন, বঙ্গবন্ধুর আদর্শে অনুপ্রাণিত হয়ে দেশ এবং সমাজ গঠনে সকলকে একযোগে কাজ করতে হবে। উপাচার্য বঙ্গবন্ধুর পরিবার সদস্য এবং দেশবাসীর সুস্বাস্থ্য কামনা করেন। উপাচার্য আরও বলেন, বছরব্যাপী মুজিববর্ষ পালন করা হবে। প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আমির হোসেন, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মো. নূরুল আলম, কোষাধ্যক্ষ অধ্যাপক শেখ মো. মনজুরুল হক, অনুষদ ডিন, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার, হল প্রভোস্ট প্রমুখ এসময় উপাচার্যের সঙ্গে ছিলেন।

এর আগে আজ সকাল থেকে শেখ হাসিনা হলের সম্মুখ দেয়ালে বঙ্গবন্ধুর রাজনৈতিক জীবনপঞ্জীর ক্রমানুসরণ করে চিত্রকর্ম প্রদর্শন এবং লাইব্রেরিতে বঙ্গবন্ধুর জীবন ও কর্মসম্পর্কে গবেষণাগ্রন্থ প্রদর্শন করা হয়েছে। এছাড়া জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় স্কুল ও কলেজের শিক্ষার্থীবৃন্দ কর্তৃক দেয়ালিকা প্রকাশ, বাদ আছর কেন্দ্রীয় মসজিদ, কমিউনিটি মসজিদ ও বিশমাইল মসজিদে দোয়া মাহফিল, ছাত্র-শিক্ষক কেন্দ্র চত্বর, কেন্দ্রীয় শহীদ মিনার ও বিশমাইল ক্লাবে বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ প্রচার, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্থানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনের বিভিন্ন পর্যায়ের ঐতিহাসিক ঘটনাবল্ল বিষয়ের ব্যানার-ফেস্টুন প্রদর্শন এবং সারা ক্যাম্পাসে আলোকসজ্জা করা হয়।

*Suvar*

মো. আবদুস সালাম মিয়া  
পরিচালক (ভারপ্রাপ্ত)

